



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
সংস্থাপন শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.৯৯.০০১.২১-৪০৬

তারিখঃ ২২/১১/২০২২ খ্রি:

অফিস আদেশ

কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটের ২২/১১/২০২২ খ্রিঃ তারিখের প্রশা-
২/২৮১১ নং স্মারক মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর/ইলেকট্রনিক্স/টেক) সিভিল, জনাব মোঃ
মোফাখখায়রুল ইসলাম এর বিরুদ্ধে একই প্রতিষ্ঠানের সিভিল টেকনোলজির ৬ষ্ঠ পর্বের ২য় শিফটের একজন ছাত্রীকে
যৌন হয়রানির অভিযোগ পাওয়া যায়। তার এহেন কার্যকলাপ “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,
২০১৮” এর বিধি ৩ এর (খ) ধারা মোতাবেক মারাত্মক ‘অসদাচরণ’ এর পর্যায়ভুক্ত।

২. এমতাবস্থায়, জনাব মোঃ মোফাখখায়রুল ইসলাম, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর/ইলেকট্রনিক্স/টেক) সিভিল,
রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট-কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ১২(১)
মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িকভাবে বরখাস্তকালীন তিনি বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি-
৭১ মোতাবেক মূল বেতনের অর্ধহারে খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৩. এ আদেশ ২২/১১/২০২২ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(ড. মোঃ ওমর ফারুক)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১২.৯৯.০০১.২১-৪০৬

তারিখঃ ২২/১১/২০২২খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ’ল :

১. পরিচালক (প্রশাসন/ পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা- ১২০৭।
২. অধ্যক্ষ, রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।
৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, রংপুর।
৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ
সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের
ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক
মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. জনাব মোঃ মোফাখখায়রুল ইসলাম, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর/ইলেকট্রনিক্স/টেক) সিভিল, রংপুর
পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।
৮. সংরক্ষণ নথি।


(ড. মোহাম্মদ কামরুজ্জামান)
সহকারী পরিচালক